

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

القصل الاول

আরবী

وَعَن معَاذ رَضِي الله عَنهُ قَالَ كُنْتُ رِدْفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم على حمَار يُقَالَ لَهُ عفير فَقَالَ يَا معَاذ هَل تَدْرِي حَقُّ اللَّهِ عَلَى عِبَادِهِ وَمَا حَقُّ الْعِبَادِ عَلَى اللَّهِ؟ قُلْتُ اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ فَإِنَّ حَقَّ اللَّهِ عَلَى الْعِبَادِ أَنْ يَعْبُدُوهُ وَلَا يُشْرِكُوا بِهِ شَيْئًا وَحَقُّ الْعِبَادِ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ فَإِنَّ حَقَّ اللَّهِ عَلَى الْعِبَادِ أَنْ يَعْبُدُوهُ وَلَا يُشْرِكُوا بِهِ شَيْئًا وَحَقُّ الْعِبَادِ عَلَى اللَّهِ أَنْ لَا يُعَذِّبَ مَنْ لَا يُشْرِكُ بِهِ شَيْئًا فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَفَلَا أَبُشِرُ بِهِ النَّاسَ قَالَ لَا تُبَشِّرُهُمْ فَيَتَّكِلُوا

বাংলা

২৪-[২৩] মু'আয ইবনু জাবাল (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি এক শ্রমণে গাধার উপর নবী সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম-এর পেছনে আরোহণ করলাম। আমার আর তাঁর মধ্যে হাওদার পেছন দিকের হেলানো কাঠ ছাড়া আর কোন ব্যবধান ছিল না। তিনি (সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হে মু'আয! বান্দাদের ওপর আল্লাহর কি হক এবং আল্লাহর ওপর বান্দার কি হক, তুমি কি তা জান? আমি বললাম, আল্লাহ ও আল্লাহর রসূলই এ ব্যাপারে অধিক অবগত। তখন তিনি (সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, বান্দাদের ওপর আল্লাহর হক হলো, তারা আল্লাহর 'ইবাদাত করবে, তাঁর সাথে কাউকে শরীক করবে না। আর আল্লাহর ওপর বান্দার হক হলো, যারা আল্লাহর সাথে কাউকে শরীক করেনি, আল্লাহ তাদেরকে শান্তি দিবেন না- এ কথা শুনে আমি বললাম, হে আল্লাহর রসূল! তাহলে আমি কি এ সুসংবাদ মানুষদেরকে জানিয়ে দিব না? তিনি (সাল্লাল্লাল্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, লোকদেরকে এ সুংসংবাদ দিও না। কারণ তাহলে তারা এর উপর নির্ভর করে বসে থাকবে। (বুখারী, মুসলিম)[1]

English

Chapter - Section 1

Mu'adh said:

I was riding behind the Prophet on an ass with nothing between him and me



but the rear part of the saddle, when he said, "Do you know, Mu'adh, what God has a right to expect from His servants, and what His servants have a right to expect from God?" I replied, "God and His messenger know best." He said, "What God has a right to expect from His servants is that they should worship Him, not associating anything with him; and what the servants have a right to expect from God is that He should not punish one who does not associate anything with Him." I said, "Messenger of God, shall I not give this good news to the people?" He replied, "Do not tell them, and have them trusting in it alone."

(Bukhari and Muslim.)

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৮৫৬ ও ৫৯৬৭, মুসলিম ৩০, ইবনু মাজাহ ৪২৯৬, সহীহ আল জামি' ৭৯৬৮। এ বর্ণনাটি বুখারী মুসলিমের বর্ণনায় সমষ্টি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হক বাতিলের বিপরীত। কেননা সত্য স্থায়ী বাতিল অস্থায়ী। হক শব্দটি আবশ্যক, জরুরী, উপযুক্ত। বান্দার হক অর্থ বান্দার জন্য যা উপযুক্ত ও যোগ্য। 'আল্লাহর প্রতি বান্দার হক' এর অর্থ আল্লাহ কর্তৃক তার বান্দার প্রতি পুরস্কার দেয়ার ওয়া'দা। হাদীসে বর্ণিত 'ইবাদাতের দ্বারা উদ্দেশ্য হলো মৌখিক স্বীকৃতি ও অন্তরে বিশ্বাস স্থাপনের সাথে সাথে আদিষ্ট কাজ সম্পাদন করা ও অবাধ্যতা হতে বিরত থাকা। যার অবস্থা এরূপ হবে তাকে কোন শাস্তি দেয়া হবে না। বরং সে বিনা শাস্তিতেই জালাতে প্রবেশ করবে।

নির্ভর করা অর্থাৎ- আদিষ্ট কাজ করা নিষিদ্ধ কাজ হতে বিরত থাকা ছাড়াও ফাযীলাতপূর্ণ যে সমস্ত সুন্নাত ও নফল রয়েছে তা পরিত্যাগ করা। তা এজন্য যে, মানুষ সৃষ্টিগতভাবেই উপকার অর্জনের চাইতে ক্ষতি প্রতিরোধ করতে বেশী আগ্রহী। অতএব সে যখন জানতে পারবে যে, মৌখিক স্বীকৃতি ও অন্তরে বিশ্বাস স্থাপনের সাথে ফরয 'আমল করা এবং নিষিদ্ধ কাজ হতে বিরত থাকাই মুক্তি পাওয়ার জন্য যথেষ্ট, তখন সে এতেই তৃপ্ত থাকবে এবং সুন্নাত ও নফল কাজ করতে অলসতা করবে। সে উচ্চ মর্যাদা পাওয়ার জন্য কোন চেষ্টাই করবে না। সন্দেহ নেই যে, শুধু ফরয ও ওয়াজিব সম্পাদন করা এবং সুন্নাত ও নফল পালন থেকে বিরত থাকা উঁচু মর্যাদা অর্জন হতে বিশ্বত হওয়ার কারণ। এজন্যই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মু'আয (রাঃ)-কে এ সংবাদ প্রদান করতে বারণ করলেন যাতে তারা উঁচু মর্যাদা অর্জনে সচেষ্ট হয়। মু'আয (রাঃ)-কে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ হাদীস বর্ণনা করতে বারণ করা সত্ত্বেও মৃত্যুর পূর্বে তিনি এ হাদীস বর্ণনা করেছেন 'ইলম গোপন করার গুনাহ থেকে বাঁচার উদ্দেশে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন